



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়

বৈদেশিক বিনিময় বিভাগ

২৭২-বনলতা বাণিজ্যিক এলাকা বিমানবন্দর রোড, রাজশাহী।

Phone: 0247860531

E-mail: cdmfed@rakub.org.bd

cdmfvalidation@gmail.com

Website: www.rakub.org.bd

বৈদেশিক বিনিময় বিভাগ পরিপত্র নং-০১/২০১৯

তারিখঃ ০৩-১১-২০১৯ খ্রিঃ

সকল জোনাল ব্যবস্থাপক
সহকারী মহাব্যবস্থাপক
(উন্নয়ন এর দায়িত্বে), ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/
সহকারী মহাব্যবস্থাপক, এলপিও, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: Spot Cash Foreign Remittance পেমেট এর ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে ১০/- (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প গ্রহণ প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের মধ্যে Sub Agreement এর আওতায় Western Union কোম্পানীর মাধ্যমে রেমিট্যান্স প্রদানের কার্যক্রম চালু হয় এ ব্যাংকে। বর্তমানে ১০টি Spot Cash Foreign Remittance কোম্পানীর মাধ্যমে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের সকল শাখাসমূহ হতে Remittance এর টাকা প্রদান করা হচ্ছে। এছাড়া, খুব শিখ্রই আমরা নতুন আরও ২টি রেমিট্যান্স কোম্পানীর সাথে যুক্ত হতে পারবো বলে আশা করা হচ্ছে।

০২। Spot Cash Foreign Remittance পেমেট এর ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে ১০/- (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প গ্রহণ করার বিষয়ে ইতোপূর্বে অত্র বিভাগ হতে কোন নির্দেশনা প্রদান করা হয়নি। ফলশ্রুতিতে, উক্ত রেমিট্যান্স এর টাকা প্রদানের সময়ে ক্রেডিট ক্যাশ ভাউচারে গ্রাহক বা বেনিফিশিয়ারীগণের নিকট হতে ১০/- (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প গ্রহণ করা হয়। বৈধ পথে আসা ফরেন রেমিট্যান্স আয়কর মুক্ত। রেভিনিউ স্ট্যাম্প গ্রহণ করা না করা বিষয়ে বাংলাদেশ ব্যাংকের কোন সুনির্দিষ্ট নির্দেশনা না থাকায় বাংলাদেশ কৃষি ব্যাংকসহ অন্যান্য ব্যাংক Foreign Remittance এর টাকা প্রদানের সময় গ্রাহকের নিকট হতে ১০/- (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প গ্রহণ করে না।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, ব্যাংকের আইন উপদেষ্টা কর্তৃক আইনি মতামত গ্রহণ করে এ সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য পরিচালনা পর্ষদের ৫০৫ তম সভায় সার সংক্ষেপ উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন।

"রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শাখাসমূহের মাধ্যমে Spot Cash Foreign Remittance এর অর্থ প্রদানের ক্ষেত্রে গ্রাহকের নিকট হতে ১০/- (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প গ্রহণ না করার অনুমোদন দেয়া হলো।"

০৪। এমতাবস্থায়, প্রবাসীদের কষ্টার্জিত প্রেরিত মূল অর্থ (২% নগদ সহায়তা ব্যতিত) প্রদান করার ক্ষেত্রে কোন অবস্থাতেই ক্রেডিট ক্যাশ ভাউচারে গ্রাহক বা বেনিফিশিয়ারীগণের নিকট হতে ১০/- (দশ) টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প গ্রহণ না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। ব্যাংকের আয় এবং ভাবমূর্তি বৃদ্ধির বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে এবং কোন গ্রাহক যেন Foreign Remittance সংক্রান্ত সেবা গ্রহণ ব্যতিরেকে ব্যাংক হতে ফেরত না যায় বা হারানির শিকার না হয় তা নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০২

৪

৪

পাতা-০২

এছাড়া এ বিভাগ হতে জারীকৃত পত্র নং- প্রকা/বৈবিবি/অপা-৩/২০১৭-২০১৮/১২৬১(২০) তারিখ: ২৬-০৬-২০১৮ এবং প্রকা/বৈবিবি/অপা-৩/২০১৮-২০১৯/৩৬২ (২০) তারিখ: ১১-০৯-২০১৮ এর নির্দেশনা মোতাবেক শাখার নিজস্ব ইউজার আইডি ব্যবহার করে শাখা হতে সরাসরি Spot Cash Foreign Remittance এর টাকা প্রদানের জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


০৩.১১.১৯
(মোঃ মহসীন আলী)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

স্মারক নং-প্রকা/বৈবিবি/পরিপত্র নং-১(অপা-৩)/২০১৯-২০২০/১১৬৮(৪০০)/৫৫

তারিখঃ ০৩-১১-২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাপনার জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী/রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/ বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৭। অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী/রংপুর।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, জোনাল নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। নথি/মহানথি।


(মোঃ রফিকুল ইসলাম)
কর্মকর্তা